# ঠাকুরগাঁও-১ উপনির্বাচনে মনোনয়ন প্রত্যাশীদের সাক্ষাৎকার নিল বিএনপি



বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

ঠাকুরগাঁও-১ আসনের উপনির্বাচনে দলীয় প্রার্থী বাছাইয়ের প্রক্রিয়া শুরু করেছে বিএনপি। এর অংশ হিসেবে শুক্রবার রাতে মনোনয়নপ্রত্যাশীদের সাক্ষাৎকার নেওয়া হয়েছে। তবে প্রার্থী হিসেবে কার নাম চূড়ান্ত হয়েছে, তা এখনো জানানো হয়নি।

শুক্রবার (১৮ সেপ্টেম্বর) সন্ধ্যা ৭টার পর রাজধানীর গুলশানে বিএনপির কার্যালয়ে দলের জাতীয় স্থায়ী কমিটির বৈঠক বসে। প্রায় দুই ঘণ্টার এই বৈঠকে কমিটির অধিকাংশ সদস্য উপস্থিত ছিলেন। বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান এতে সভাপতিত্ব করেন।

বৈঠক শেষে সাংবাদিকদের সামনে বিষয়টি তুলে ধরেন দলের ভারপ্রাপ্ত মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। তিনি জানান, দলের গঠনতন্ত্র অনুযায়ী জাতীয় স্থায়ী কমিটিই মনোনয়ন বোর্ড হিসেবে দায়িত্ব পালন করে। সেই দায়িত্বের অংশ হিসেবেই ঠাকুরগাঁও-১ আসনের মনোনয়নপ্রত্যাশীদের সঙ্গে কথা বলা হয়েছে।

রিজভীর ভাষ্য অনুযায়ী, সাক্ষাৎকার নেওয়া হলেও এখনই চূড়ান্ত প্রার্থীর নাম ঘোষণা করা হয়নি। এ বিষয়ে সিদ্ধান্ত পরে জানানো হবে।

বৈঠকের আলোচনায় তারেক রহমানের যুক্তরাষ্ট্র সফরের বিষয়টি ছিল না বলেও সাংবাদিকদের জানান বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব।